## অক্টোবর ২০২২ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২০.১০.২০২২খ্রি.

সময় ঃ দুপুর ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

সেপ্টেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সেপ্টেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে সেপ্টেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, ৩৫০ হেক্টর জমির ধান আগাম কাটা হয়েছে। ধান ৭৮৭১৮ মেঃটঃ অর্জিত হয়েছে। ২০২৩ সালে খাদ্য সংকট হতে পারে মর্মে ধারণা করা হচ্ছে। তবে এ অঞ্চলে খাদ্য সংকট হওয়ার সম্ভাবনা নেই। সবজি ভাল হয়েছে। ২০,০০০ (বিশহাজার) লিফলেট ছাপানো হয়েছে এবং ক্রষকদের মাঝে বিতরণ চলছে। এবার সরিষা আবাদ আশানুরুপ হয়েছে ফলে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, সীমাবদ্ধতা থাকা সত্বেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি মেয়র বিরামপুর পৌরসভাকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, ইউরোপে করোনার ঢেউ চলছে। যারা ৩য় ডোজ নেননি তাদের দ্রুত ৩য় ডোজ নেয়ার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান যে, ৫-১২ বছর বয়সী শিশুদের ৪,০০০ টিকা পাওয়া গেছে এবং দেওয়াও শেষ হয়েছে। রোগী কল্যাণ সমিতির জন্য কক্ষ খুব শীঘ্রই দিবেন। এ্যাম্বুলেন্সের চালক সমস্যা। ৪২তম বিসিএস এর ডাক্তারগণ যোগদান করলে জনবল সমস্যা কমবে এবং চিকিৎসাসেবা আরও ভালভাবে দিতে পারবেন। এ মাসে নরমাল ডেলিভারী হয়েছে ৫৮ জন প্রসুতি মায়ের। মা ও শিশু তারা সবাই ভাল আছেন। তিনি মা ও শিশুদের উপহার দেয়ার প্রস্তাব করেন।<br>তিনি আরও জানান যে, গত মাসে ৬,০০০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। প্রতিদিন রোগীর সংখ্যা বাড়ছে। ৩১ শয্যার জনবল দিয়ে ৫০ শয্যার সেবা দিতে হচ্ছে। এটি কষ্টকর হলেও ডাক্তারগণ নিয়মিত সেবা দিয়ে যাচ্ছেন। তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য এবং বিরামপুরের কৃতি সন্তান জনাব মোঃ হুমায়ুন কবীর স্যার সহযোগিতার আশ্বাস দিয়েছেন।<br>মেয়র, বিরামপুর পৌরসভা সভায় বলেন যে, বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে খুব ভাল লেগেছে। তথ্য নিয়ে তিনি জানতে পারেন ঐদিন পর্যন্ত প্রসূতি বিভাগ ৭৮টি নরমাল ডেলিভারী করেছে। হাসপাতালের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন ছিল। তিনি প্রয়োজনে সহযোগিতা করবেন মর্মে সভায় উল্লেখ করেন। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, বিরামপুর পৌরসভার পক্ষ থেকে ২য় তলায় বসার ব্যবস্থা করে দিবেন এবং ছাদে ছাতা দিয়ে গোল চত্বর করে দিবেন। মাননীয় জাতীয় সংসদ সদস্য, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় বিরামপু পৌরসভার পক্ষ থেকে তিনি ভাল কাজ করতে পারছেন মর্মে উল্লেখ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. যারা ৩য় ডোজ টিকা গ্রহণ করেননি বা বাদ পড়েছেন তাদেরকে টিকা গ্রহণের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর প্রশিক্ষণে রয়েছেন। ফলে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, ডাঃ এ আর এম আল মামুন, সাবেক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুরের পিতা ১৯.১০.২০২২ খ্রি. তারিখে ইন্তেকাল করেছেন। তার বিদেহী আত্মার শান্তি কামনা করে দোয়া করা হয় এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ডাঃ এ আর এম আল মামুন, সাবেক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুরের পিতা ইন্তেকাল করায় দোয়া করা হয় এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতি বছরের ন্যায় ০৭ হতে ২৮ অক্টোবর ২০২২ পর্যন্ত ২২ (বাইশ) দিন ইলিশ মাছ ধরা, ক্রয়, বিক্রয় ও পরিবহন নিষিদ্ধ করা হয়েছে। এ নির্দেশনা বাস্তবায়নে অভিযান অব্যাহত রয়েছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ উল্লেখ করেন যে, আশুরার বিলে মাছ ছাড়া হয়েছে। ইতোপূর্বে যাদের পুকুর আছে তাদেরকে পোনা ও মাছের খাদ্য দেয়া হতো। এখন তাদেরকে পোনা ও খাদ্য দেয়া হবে কি-না বিষয়টি জানতে চান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর এ প্রেক্ষিতে সভায় জানান যে, একনেকের বৈঠকে বিষয়টি উপস্থাপন করা হয়েছে এখনও অনুমোদন হয়নি।<br>তিনি নদী এবং খাল খননের প্রস্তাব পাঠানোর জন্য অনুরোধ জানান। ৬টি পুকুর পোনা উৎপাদনের জন্য উপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত খামার ব্যবস্থাপককে পত্র প্রদানের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ২. অভিযান অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>৩. ৬টি পুকুর পোনা উৎপাদনের উপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত খামার ব্যবস্থাপককে পত্র প্রদান করতে হবে।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ২. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, ৩টি বিদ্যালয়ের লে-আউট দেয়া হয়েছে। কাজ চলছে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, আনসার ব্যারাক নির্মাণের জন্য পত্র প্রদান করা হয়েছে। কিন্তু এখনও কাজ শুরু হয়নি। দ্রুত কাজ শুরু করার জন্য তিনি অনুরোধ করেন।তিনি আরও জানান যে, জনাব মোঃ মিজানুর রহমান সরদার, সাবেক উপজেলা প্রকৌশলী, বিরামপুরের গাফিলতির কারণে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প প্রস্তাব প্রেরণ না করায় উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিলের ১০,০০,০০০/-(দশলক্ষ) টাকার একটি প্রকল্প অনুমোদন দেয়া হয়নি। ফলে এ উপজেলার উন্নয়ন বাধাগ্রস্থ হলো এবং পরবর্তী বরাদ্দ পেতে প্রতিবন্ধকতার সৃষ্টি হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরসহ এ কাজের সাথে সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বেইলী ব্রীজ বিষয়ে উপজেলা প্রকৌশলীর দপ্তর থেকে তথ্য চাওয়া হলে তা প্রদান করা হয়েছে। যেহেতু আজকের সভায় উপজেলা প্রকৌশলী নেই সেহেতু বিষয়টি তাকে অবহিত করার জন্য তিনি অনুরোধ জনান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জনাব মোঃ মিজানুর রহমান সরদার, সাবেক উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরসহ সংশ্লিষ্ট উপ-সহকারীর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (পিআরএলরত), BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ৭৬টি গভীর নলকূপ চলমান রয়েছে। নিজস্ব অফিস বিল্ডিং না থাকায় ভাড়া বাসা অফিস করতে হচ্ছে। এতে মাঝে মাঝে সমস্যা হচ্ছে। অফিসের জন্য জায়গা ক্রয় করে অফিস ভবন নির্মাণ করাও সম্ভব নয়। সেকারণে তিনি উপজেলা পরিষদ থেকে অফিসের জন্য কক্ষ দেয়ার অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান সাব-রেজিস্ট্রি অফিস নিজস্ব ভবনে চলে যাওয়ার কারণে কোর্ট বিল্ডিং এর একাংশ ফাঁকা হয়েছে। সেখানে তারা সাময়িকভাবে অফিস করতে পারেন। তবে তাদের নিজস্ব ভবন হলে কোর্ট বিল্ডিংটি ছেড়ে দিতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. কোর্ট বিল্ডিং এর ফাঁকা একাংশটি অফিস পরিচালনার উপযোগী করে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন, দিনাজপুরকে সাময়িকভাবে ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি সভায় আরও জানান যে, মাদক উদ্ধারে বিরামপুর প্রথম স্থান অধিকার করেছে। তিনি আরও জানান যে, সীমান্ত ঠিক রাখা গেলে মাদকের ক্রয়, বিক্রয় এবং সেবনও কমানো যাবে। প্রায় প্রতিদিন মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের কাছে কুড়িগ্রাম থেকে ফেন্সিডিলের চালান আসছে।<br>এছাড়াও প্রধানমন্ত্রীর উপহার ভূমিহীনদের একক গৃহে যাদের নির্বাচিত করা হয়েছে তাদের মধ্যে অনেকে মাদকসেবী ও মাদক ব্যবসায়ী আছে। এদের কারণে সরকারের সুন্দর একটি পরিকল্পনা নষ্ট হচ্ছে। তিনি মাদক প্রতিরোধে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। এ কমিটির কাজ হবে প্রকৃত মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের চিহ্নিত করা এবং আইনের আওতায় আনার ব্যবস্থা করা। কিশোর গ্যাং একজনকে অপহরণ করে মুক্তিপণ দাবী করেছে। গত মাসের তুলনায় এ মাসে আইন-শৃঙ্খলা পরিস্থিতি তুলনামূলক খারাপ। তবে উন্নতির চেষ্টা চলছে।<br>সুষ্ঠুভাবে পুজা উদযাপিত হওয়ায় এবং জেলা পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে তিনি ধন্যবাদ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সকল বাহিনীর সমন্বয়ে মাদক নির্মূল করতে হবে মর্মে অভিমত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বিরামপুর হতে বিনাইলের দূরত্ব প্রায় ২২ কিঃমিঃ। এ কারণে মাদকসেবীকে ধরা হলে বিরামপুর থেকে যেতে যেতে মাদকের প্রভাব কেটে যায় ফলে মাদকসেবী মাদকসেবনের কথা অস্বীকার করে। তিনি সংবাদ প্রাপ্তির পর দ্রুত ঘটনাস্থলে যাওয়ার জন্য অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, শিক্ষকতার পদে থেকে অন্য কোন কাজ করা যাবে না। শিক্ষকগণের শ্রেণিতে পাঠদানের চেয়ে প্রাইভেট পড়ানোর প্রতি আগ্রহ বেশী। ফলে শিক্ষার্থীরা প্রাইভেট পড়ার প্রতি ঝুঁকে পড়ছে। এটি বন্ধ করতে হবে। মাধমিক পর্যায়ে শিক্ষকবৃন্দ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রাইভেট পড়াতে পারবেন না তবে অন্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পড়াতে পারবেন। এটির সুযোগ নিয়ে তারা কোচিং বাণিজ্য চালাচ্ছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। যেগুলো গভীর নলকূপে সমস্যা আছে মৌসুম শুরু হওয়ার পূর্বে সমস্যা চিহ্নিত করে সমাধান করার জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জয়িতা অন্বেষনে চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদগণকে প্রস্তাব পাঠানোর জন্য অনুরোধ করা হলেও কোন আবেদন পাওয়া যায়নি। চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদের এক প্রশ্নের জবাবে | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | তিনি জানান যে, VWD/VGD কার্যক্রমের বিষয়ে কোন নির্দেশনা এখনও আসেনি ফলে পত্র দেয়া হয়নি। ২৪ চক্রের উপর Online মিটিং হয়েছে। মাতৃত্বকালিন বিষয়ে পত্র পাওয়া গেছে। উদ্যোক্তাগণ ২০/- (বিশ) টাকার বিনিময়ে Online আবেদন করে দিবেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুরকে উপকারভোগীর তালিকার ফটোকপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে দেয়ার অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর প্রধানমন্ত্রীর উপহার ভূমিহীনদের জন্য একক গৃহে বসবাসকারীদের মধ্যে যারা সরকারি কোন ভাতার আওতায় আসেনি তাদেরকে যার জন্য যে ভাতা প্রযোজ্য সে ভাতার আওতায় আনার জন্য তিনি উপজেলা মহিলা বিষয়ক অফিসার এবং উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুরকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্যের প্রত্যয়ন ছাড়া কোন উপকারভোগীর মোবাইল নম্বর পরিবর্তন করা যাবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর।<br>২. উপজেলা সমাজসেবা অফিসার, বিরামপুর এবং চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সকলের সহযোগিতায় বিশেষ করে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর মহোদয়ের সার্বিক সহযোগিতায় সুন্দরভাবে জেলা পরিষদ নির্বাচন সম্পন্ন করতে পেরেছেন। তিনি সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জেলা পরিষদ নির্বাচনে প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করার কারণে ১৮.১০.২০২২ খ্রি. তারিখ জাতির পিতার কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিনের কার্যক্রমে সম্পৃক্ত থাকতে পারেননি। কিন্তু উপ-কমিটি কর্তৃক শেখ রাসেল দিবস সুন্দরভাবে সু-সম্পন্ন হওয়ায় তিনি উপ-কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান।<br>তিনি আরও জানান যে, তথ্য বাতায়নে ইউনিয়ন পরিষদগুলোর অবস্থান আগের চেয়ে অনেক উন্নত হয়েছে। কিন্তু সরকারি দপ্তরগলোর মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর এবং উপজেলা প্রকৌশল দপ্তর, এলজিইডিসহ কয়েকটি দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. শেখ রাসেল কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-৩.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচ থেকে এখন সংশোধিত ০৭টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে মাত্র ১টি ব্যাচের বরাদ্দ পাওয়া গেছে এবং কোর্সটি এ মাসেই শুরু হয়েছে। দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় ০১ মাস মেয়াদি পাতিষ্ঠানিক আবাসিক প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে এবং এ উপজেলা হতে ৪ জন প্রশিক্ষাণার্থী প্রেরণ করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ১৬,০০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৭,০০,৮০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =৭,০০,৮০০/- টাকা এবং আদায় হার শতকরা ১০০%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচির ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে ২,৬৭,৫৬,০০০/- টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৩৪,২৮,৯০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২,০৯,৮৯,৮২৬/- টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আগামী ১ নভেম্বর ২০২২ খ্রি. মঙ্গলবার ২০৪১ সালে উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে "জাতীয় যুব দিবস-২০২২" সফলভাবে উদযাপন করতে সভায় উপস্থিত সকল সদস্যের সহযোগিতা কামনা করে দিবসের সকল কর্মসূচিতে সবাইকে উপস্থিত থাকার জন্য তিনি অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, খানপুর ধানজুড়ি কো-অপারেটিভ কমিটির ৩০০ (তিনশত) বিঘা জমি আছে। তারা গবাদি পশুর উপর প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী। তাদেরকে উন্নত প্রযুক্তির মাধ্যমে আধুনিক পদ্ধতিতে চাষাবাদ করার প্রশিক্ষণ প্রদান করতে হবে। কৃষি ও প্রাণিসম্পদ বিভাগকে এ প্রশিক্ষণে সম্পৃক্ত করা যেতে পারে।<br>৭টি ইউনিয়ন পরিষদ ভবনে কৃষি বিভাগের সাথে আলোচনা করে চেয়ার-টেবিল দিবেন মর্মে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় উল্লেখ করেন। | | |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, ডাঃ তাহেরা খাতুনের রংপুরে অপারেশন হয়েছে তিনি সকলের দোয়া চেয়েছেন। তিনি আরও জানান যে, আগামী সপ্তাহে তারা নতুন বিল্ডিং এ অফিস শিফট করবেন। জন্ম নিবন্ধন কার্যক্রমে তারা কাউন্সিলিং করছেন। এতে আশানুরুপ ফল পাবেন বলে তিনি আশা ব্যক্ত করেন। তিনি সন্তান জন্ম গ্রহণের ৪৫ দিনের মধ্যেই জন্ম নিবন্ধন করার বিষয়ে তিনি পুনরায় চেয়াম্যান, ইউনিয়ন পরিষদ ও মেয়র, বিরামপুর পৌরসভার সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সন্তান জন্ম গ্রহণের ৪৫ দিনের মধ্যেই জন্ম নিবন্ধন করার বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা এবং চেয়ারম্যান, সকল ইউপি। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১০টি টিউবওয়েল বসানোর পর ঠিকাদার কাজ বন্ধ করে দিয়েছে। আশ্রয়ণ প্রকল্পের আওতায় গৃহহীনদের জন্য একক গৃহে টিউবওয়েল বসানো শেষ হয়েছে। স্যানিটেশনের হার ৯৫%.<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, স্যানিটেশনের হার কম হলো কেন? এটিকে ৯৫% হতে ১০০% উন্নীত করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জনাব পিয়াস ইবনে হাবিব সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ক্যানেলের ধারে গাছ লাগানোর জন্য বরাদ্দ প্রদান করায় তিনি ধন্যবাদ জানান। বিনাইল এবং জোতবানী বাদে বাকী ৫ টি ইউনিয়ন হতে উপকারভোগীদের তালিকা পাওয়া গেছে। বর্ণিত ২টি ইউনিয়ন হতে উপকারভোগীর তালিকা দ্রুত দাখিল করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান যে, রাস্তায় বা গাছে বানর এবং হনুমান দেখা যাচ্ছে। এগুলোকে বিরক্ত না করার জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, মুকুন্দপুর ইউনিয়ন ১টির টাকা পাবে। টাকা প্রদানের জন্য তিনি অনুরোধ করেন। জমিওয়ালাদের নাম দেয়ার জন্যও অনুরোধ করেন। ক্যানেলটিতে গাছ লাগানোর ফলে খুব সুন্দর দেখা যাচ্ছে। বানর ও হনুমান তার বাড়িতে ঢুকে খাবার খাচ্ছে। অফিসার ইনচার্জ, বিরামপুর থানা এ প্রসঙ্গে বলেন যে, ফলের গাছ লাগানো হলে বন্য প্রাণিরা ফল খেতে পারবে ফলে তারা খাবারের সন্ধানে লোকালয়ে আসবে না।<br>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ এ পর্যায়ে বলেন যে, তার ইউনিয়নে বেশ কিছু রাস্তায় গাছ লাগানো যাবে। তিনি রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুরকে তার ইউনিয়নের রাস্তগুলোতে গাছ লাগানোর জন্য অনুরোধ করেন। | | |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪টি বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | জনাব মোঃ হুমায়ুন ফরিদ উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর হিসেবে সদ্য যোগদান করেছেন। তিনি রানীগঞ্জ, দিনাজপুর থেকে এসেছেন। খুব দ্রুত আদেশ হয়েছে এবং দ্রুতই যোগদান করতে হয়েছে মর্মে তিনি জানান। আজকের সভা তার প্রথম সভা। এ উপজেলায় কর্মকালে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ১. এ সভায় তাকে স্বাগত জানানো হয়।<br>২. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বরাদ্দ না আসায় উঠান বৈঠক করা হচ্ছে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে। তিনি আরও জানান যে, আগামী ০২.১১.২০২২ তারিখ সকাল ০৯.৩০ মিঃ Online মিটিং শুরু হবে। তথ্য বাতায়নে ২০২১-২০২২ অর্থ বছরের ১৭টি উপজেলা কমিটির কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরা দেয়া নেই। নির্দিষ্ট সময়ের মধ্যে চাহিত তথ্য তথ্য বাতায়নে না পেলে মূল্যায়ন হবে না। তিনি ১৭ কমিটির সদস্য-সচিবগণকে চাহিদা মোতাবেত তথ্য আপলোড করার জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশল দপ্তর, এলজিইডি, বিরামপুরে পূর্বের তথ্যই রয়ে গেছে। বর্তমান উপজেলা প্রকৌশলীর তথ্য নাই। এতে মূল্যায়নে সমস্যা হবে। চকহরিদাসপুরের বিল পাশ হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. <u>১৭ কমিটির সদস্য-সচিবগণকে চাহিদা মোতাবেত তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিরামপুরের সাহায্য নেয়া যেতে পারে।</u><br>৩. <u>উপজেলা প্রকৌশল দপ্তর, এলজিইডি, বিরামপুরের তথ্য বাতায়ন আপলোড করার জন্য অনুরোধ করা হলো। সেসাথে যে সকল দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ নেই তাদেরকে খুব দ্রুত সময়ের মধ্যে তথ্য বাতায়ন হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হলো।</u> | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. সদস্য-সচিব, ১৭টি উপজেলা কমিটি বিরামপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। এবং সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৪<br>জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয়েছে নির্বাচিতদের শপথ গ্রহণ হয়নি। | ১. শপথ গ্রহণের পর তাদেরকে এ সভায় আমন্ত্রণ জানানো হবে। | -- |
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ করার জন্য যে জমি দাতা দিয়েছেন সেখানে ভবন না করে দাতার নিজস্ব জমিতে ভবন নির্মাণ করা হয়েছে। দাতা সোলেনামা করার জন্য অনুরোধ করেছেন। এটি করা যাবে কি-না তিনি পরামর্শ চান।<br>যদি মামলা হয়ে থাকে তবে মামলা মোকাবেলা করার জন্য পরামর্শ প্রদানসহ বাউন্ডারীওয়াল দিয়ে ঘিরে নেয়ার জন্যও পরামর্শ প্রদান করা হয়। তবে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বলেন যে, যেহেতু পরিষদ ভবন যেখানে নির্মিত হয়েছে সেটির পর্চা হয়েছে সেহেতু পরিষদ ভবন যেখানে আছে সেখানেই থাকবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মামলা থাকলে মোকাবেলা করার এবং বাউন্ডারীওয়াল দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি দুঃখের সাথে সভায় উল্লেখ করেন যে, চাল বিতরণের সময় দেখা যায় চাল সাদা এবং দলা ধরা ছিল। চাল খারাপ ছিল। তিনি পরবর্তীতে ভাল চাল দেয়ার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরবর্তীতে ভাল চাল দেয়ার জন্য ওসিএলএসডি, চরকাই খাদ্য গুদাম, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর।<br>২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর ৩. ওসিএলএসডি, চরকাই খাদ্য গুদাম, বিরামপুর |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে জনাব আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছে এবং তিনি শুভেচ্ছা জানান। অপর ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | প্যানেল মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান/ ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সবাইকে শুভেচ্ছা জানান। | -- | -- |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>বিবিধ<br>আলোচনাঃ ৪৫</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ) নং অনুচ্ছেদে বিভিন্ন দিবস উদযাপন বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের বরাদ্দ রাখা হয়েছে। বাস্তবতার আলোকে দেখা যায় বিভিন্ন জাতীয় দিবস যেমন- ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান, ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসসহ অন্যান্য জাতীয় দিবসসমূহ উদযাপন উপলক্ষ্যে ১,০০,০০০/- টাকার অনেক বেশি ব্যয় হয়ে থাকে। আগামী ১৬ ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাগণকে সংবর্ধনা ও আপ্যায়ন, বিভিন্ন প্রতিযোগিতা ও ইভেন্ট পরিচালনার লক্ষ্যে মাত্র ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দের সংস্থান রাখা হয়েছে যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। ১৬ ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে তিনি সম্ভাব্য ব্যয়ের হিসাব খাতওয়ারী নিম্নভাবে উল্লেখ করা হলো।
<table>
<tr><th>ক্রমিক</th><th>খরচের খাত ও বিবরণ</th><th>সম্ভাব্য ব্যয় টাকা</th></tr>
<tr><td>০১</td><td>২৪৫ জন ভাতাপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের আপ্যায়নসহ সংবর্ধনা</td><td>২,৫০,০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>মাঠ সজ্জা ডেকোরেশনসহ ( মঞ্চ, সামিয়ানা, চেয়ার, ব্যানার, সাজ সজ্জা ও অন্যান্য)</td><td>১৩,০০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>মার্চপাস্ট, ডিসপ্লে, শারীরিক কসরত ও বিভিন্ন ইভেন্টের খেলাধুলার পুরস্কার ক্রয় বাবদ</td><td>৮৫,০০০.০০</td></tr>
<tr><td>০৪</td><td>সাউন্ড সিষ্টেম বাবদ</td><td>৪০,০০০.০০</td></tr>
<tr><td>০৫</td><td>সাংস্কৃতিক অনুষ্ঠান</td><td>১,০০,০০০.০০</td></tr>
<tr><td>০৬</td><td>তোপধ্বনিসহ অন্যান্য</td><td>২০,০০০.০০</td></tr>
<tr><td></td><td>সর্বমোট মোট ব্যয়</td><td>৫,০৮,০০০.০০</td></tr>
</table>
এমতাবস্থায়, আগামী ১৬ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবসের বিভিন্ন অনুষ্ঠানাদি বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণভাবে আয়োজন এবং ২৪৫ জন ভাতাপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংর্বধনা প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতি প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখায় পত্র প্রেরণের প্রস্তাব করেন।</td>
<td>১. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের অনুমতি চেয়ে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১. উপজেলা নির্বাহী অফিসার<br>বিরামপুর, দিনাজপুর।</td>
</tr>
</table>

৪৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**সেপ্টেম্বর/২০২২ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের সেপ্টেম্বর/২০২২ মাসের ২৮ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। (১৫,৯৫০+১৫,৯৫০)=৩১,৯০০/- টাকা | =৩১,৯০০/- |
| ০৪ | সেপ্টেম্বর/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | সেপ্টেম্বর২০২২আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | সেপ্টেম্বর, ২০২২ মাসের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ প্রদান | =২৫,৭৩৯/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি সভায় উল্লেখ করেন যে, শারদীয় দুর্গাপূজা সুন্দরভাবে সম্পন্ন হয়েছে কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এ জন্য তিনি উপজেলা প্রশাসন, পুলিশ বাহিনী, মেয়র, বিরামপুর পৌরসভা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ, পূজা উদযাপন কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এটি সম্ভব হয়েছে। এছাড়াও জেলা পরিষদ নির্বাচন এবং শেখ রাসেল দিবস সফলতার সাথে সকলের সহযোগিতায় সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি বিশ্বাস করেন সকলে মিলিতভাবে কাজ করলে সে কাজ অবশ্যই ভাল হবে। ঠিক একইভাবে তিনি বিরামপুরের উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে তিনি তার দপ্তর সংশ্লিষ্ট কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। সাবেক উপজেলা প্রকৌশলীর কারণে বিরামপুরের উন্নয়ন ব্যাহত হয়েছে। এটির পুরাবৃত্তি ভবিষ্যতে যেন না হয় সেদিকে দৃষ্টি রাখার জন্য তিনি অনুরোধ জানান। বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে যে ডাক্তারগণ সেবা দিয়ে যাচ্ছেন তাদের সেবার মান খুবই ভাল। বিশেষ করে ইয়াং ডাক্তারগণ। চার উপজেলার কেন্দ্র বিন্দু বিরামপুর উপজেলা হওয়ায় এখানে রোগীর চাপও বেশী। ফলে বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবার মান প্রশংসিত হচ্ছে। এটি সম্ভব হয়েছে মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এঁর সহযোগিতায়। প্রতিটি পূজা মন্ডপে মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ কর্তৃক CC ক্যামেরা প্রদান করা হয়েছে। তিনি তার নির্বাচনী এলাকায় যে কোন ভাতা পাওয়ার যোগ্য ব্যক্তি যেন ভাতা পান সে বিষয়ে সার্বিক সহযোগিতা করে আসছেন। ফলে প্রত্যেকেই ভাতা পাচ্ছেন। এ ভাতা প্রাপ্তিতে মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এঁর অবদান অনস্বীকার্য। বিভিন্ন ক্ষেত্রে তাঁর এ অবদানের জন্য এ সভার মাধ্যমে তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ কে ধন্যবাদ জানান। এ উপজেলায় কর্মকর্তাগণের মধ্যে একটি বন্ধন তৈরী হয়েছে ফলে উন্নয়নমূলক কাজ করা সম্ভব হচ্ছে এবং ভবিষ্যতে আরও ভাল কাজ করার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি । এ বন্ধন তৈরীতে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের ভূমিকা অগ্রগণ্য। তাকেও এ সভার মাধ্যমে তিনি ধন্যবাদ জানান। আর প্রত্যাশা করেন এ বন্ধন অটুট থাকার।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.১৪৬০/১(৫০)

তারিখঃ ১০.১১.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।

০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৭. জনাব ..................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর

০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৯. উপজেলা............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

১০. চেয়ারম্যান, ................................................................, ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।


পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd